# বিচারকর্তৃগণ -২



© 2021 Comic Bible Society, LLC




বিচারকর্তৃগণ ৬:১-১০




বিচারকর্তৃগণ ৬:১-১৬




বিচারকর্তৃগণ ৬:১৭-২৪




বিচারকর্তৃগণ ৬:২৫ - ২৯




বিচারকর্তৃগণ ৬:৩১ - ৩৩




বিচারকর্তৃগণ ৬:৩৬-৪০




বিচারকর্তৃগণ ৭:১-৩




বিচারকর্তৃগণ ৭:৪-৮




বিচারকর্তৃগণ ৭:৯-১৪




বিচারকর্তৃগণ ৭:১৫




বিচারকর্তৃগণ ৭:১৬-১৯


সদাপ্রভু ও গিদিয়োনের তলোয়ার!


সবাই-যার যার জায়গায় স্থির হয়ে দাড়াও।
৩০০ শিংগা বেজে উঠবার সময় সদাপ্রভু এমন করলেন যার ফলে ছাউনির ভিতরকার সমস্ত লোকেরা হতভম্ভ হয়ে গেল এবং একজন অন্যজনকে তলোয়ার দিয়ে আক্রমন করল।
বিচারকর্তৃগণ ৭:১৯-২২


মিদিয়নীয়রা পুনরায় একত্রিত হওয়ার আগেই ইস্রায়েলের অন্যান্য বংশের লোকদের ডাক দাও।
সংবাদবাহকরা ইতিমধ্যেই ইফ্রয়িম, নপ্তালী, ও মনঃশি গোষ্ঠীর রাস্তায় রয়েছে।
ইফ্রয়িমদের বল যেন তারা মিদিয়নীয়দের আগেই যর্দন নদীর জায়গাগুলো দখল করে নেয় যাতে তারা নদী পার হতে না পারে এবং আমাদের হাত থেকে বাঁচতে না পারে।
আমাদের লোকেরা নদীর জায়গাগুলো দখল করে নিয়েছে।
আর এই হল মিদিয়নীদের দুই নেতা ওরেব ও সেব এর মাথা যাদের আপনি খুঁজছিলেন।
আমরা ইফ্রয়ীমীয়রা আপনার ভাই আর আপনি মিদিয়নীয়দের বিরুদ্ধে যুদ্ধ করতে আমাদের ডাকেন নি।
তোমাদের তুলনায় আমি আর তেমন কি করেছি?
ঈশ্বর মিদিয়নীয় নেতা ওরেব ও সেবকে তোমাদের হাতে তুলে দিয়েছেন।
রাগান্বিত ইফ্রীয়ম ভাইদের শান্ত করার পর গিদিয়োন ও তার ক্লান্ত-শ্রান্ত লোকেরা যর্দন নদী পার হয়ে গেল...
তারা সুক্কোত নগরে এসে পৌছালেন।


আমার সৈন্যদের কিছু রুটি খেতে দাও; তারা ক্লান্ত হয়ে পড়েছে। আর আমরা এখনও মিদিয়নীয়দের রাজা সেবহ ও সলমুন্নের পিছনে তাড়া করছি।
সেবহ ও সলমুন্নের কেটে ফেলা হাত কি তোমার হাতের মুঠোয় এসে গেছে?
কেন আমরা তোমার সৈন্যদের রুটি খেতে দেব?
যখন সদাপ্রভু সেবহ ও সলমুন্নকে আমার হাতে তুলে দেবেন তখন তোমাদের এই কথার জন্য আমি মরু-এলাকার কাঁটা ও কাঁটাগাছের আঘাতে তোমাদের গায়ের মাংস ছিঁড়ে ফেলব।
অবশ্যই পনূয়েলের লোকেরা আমাদের সাহায্য করবে।
আমাদের লোকদের সাহায্য করতে অস্বীকার করায়, যখন আমি যুদ্ধ জয় করে ফিরে আসব তখন এই দূর্গটা চুরমার করে দেব।


মিদিয়নীয়দের ছাউনিতে গন্ডগোলের কারণে এক লক্ষ বিশ হাজার সৈন্য মারা পড়েছিল।
...কিন্তু তখনও মিদিয়নীয়দের রাজা সেবহ ও সলমুন্ন প্রায় ১৫০০০ সৈন্যের একটা দল নিয়ে কর্কোরে ছিলেন।
মিদিয়নীয়রা হয়তো এখন পুনরায় দল গঠন করবে।
নোবহ ও যগবিহের পূর্ব দিক দিয়ে আক্রমন করা হবে আমাদের জন্য সবচেয়ে ভাল সিদ্ধান্ত।
এখন, পনূয়েল ও সুক্কোতের লোকেরা আমার উত্তর পাবে।




বিচারকর্তৃগণ ৮:১৩-১৭



তাবোরে কি রকমের লোক আপনাদের হাতে মারা পড়েছে?
আপনার মত লোক -প্রত্যেকেই রাজপুত্রের মত।
ওরা ছিল আমার ভাই, আমার মায়ের পেটের ভাই।
জীবন্ত সদাপ্রভুর দিব্য, আপনারা যদি তাদের বাঁচিয়ে রাখতেন তবে আমি আপনাদের মেরে ফেলতাম না।
যেথর, আমার পুত্র, তোমার তলোয়ার বের কর আর তোমার নিজের হাতে এই দুই রাজাকে মেরে ফেল।
আপনি নিজেই এসে আমাদের মেরে ফেলুন।
"যেমন মানুষ তেমনি তার কাজ।"


ইস্রায়েলের সমস্ত লোক গিদিয়োনের কাছে আসলেন...
আপনি মিদিয়নীয়দের হাত থেকে আমাদের রক্ষা করেছেন, সেই জন্য আপনি আমাদের শাসনকর্তা হোন।
আমরা কেউ তোমাদের শাসনকর্তা হব না-আমিও না, আমার ছেলেও না।
সদাপ্রভুই হবেন তোমাদের শাসনকর্তা।
“তবে আমার একটা অনুরোধ আছে-তোমাদের লুটের ভাগ থেকে তোমরা প্রত্যেকে আমাকে একটা করে কানের গহনা দাও।”
ঈশ্বরের অবাধ্য হয়ে গিদিয়োন তার নিজের গ্রাম অফ্রাতে একটা সোনার এফোদ তৈরী করলেন।
ইস্রায়েলীয়রা সকলে সেখানে সদাপ্রভুর প্রতি অবিশ্বস্ত হয়ে এফোদের পূজায় নিজেদের বিকিয়ে দিল। সেটাই হয়ে দাড়ালো গিদিয়োন ও তাঁর পরিবারের জন্য একটা ফাঁদ।
গিদিয়োনের অনেক স্ত্রী ছিল এবং তার ৭০ জন ছেলে ছিল।
গিদিয়োনের অনেক স্ত্রী ছিল এবং তার ৭০ জন ছেলে ছিল।
গিদিয়োনের মৃত্যুর পর পরই ইস্রায়েলীয়রা আবার সদাপ্রভুর প্রতি অবিশ্বস্ত হয়ে বাল দেবতার কাছে নিজেদের বিকিয়ে দিল।






বিচারকর্তৃগণ ৯:১-৪




বিচারকর্তৃগণ ৯:১-৫






বিচারকর্তৃগণ ৯:৬-১৫


তবে শুনুন, অবীমেলককে রাজা করে আপনারা কি বিশ্বস্ততা ও সততার কাজ করেছেন? আপনারা কি যিরুব্বাল ও তার পরিবারের প্রতি ভাল ও উপযুক্ত ব্যবহার করেছেন?--
আমার বাবা তো তার জীবনের ঝুঁকি নিয়ে আপনাদের জন্য যুদ্ধ করে মিদিয়নীদের হাত থেকে আপনাদের রক্ষা করেছেন---
কিন্তু আজ আপনারা তার পরিবারের বিরুদ্ধে বিদ্রোহ করছেন। একই পাথরের উপরে তার সত্তরজন ছেলের প্রত্যেককে খুন করেছেন আর তার দাসীর ছেলে অবীমেলককে শিখিমের লোকদের উপরে রাজা করেছেন, কারণ সে আপনাদের আত্মীয়।
যদি আপনারা যিরুব্বাল ও তার পরিবারের প্রতি বিশ্বস্ততা ও সততার কাজ করে থাকেন তবে অবীমেলক যেন আপনাদের আনন্দের কারণ হয় এবং আপনারাও যেন তার আনন্দের কারণ হন।
কিন্তু তা যদি আপনারা না করে থাকেন তবে অবীমেলকের মধ্যে থেকে যেন আগুন বের হয়ে এসে আপনাদের পুড়িয়ে দেয় এবং আপনাদের মধ্যে থেকেও যেন আগুন বের হয়ে এসে অবীমেলককে পুড়িয়ে দেয়!


তিন বছর পর, ঈশ্বর অবীমেলক ও শিখিমের লোকদের মধ্যে একটি মন্দ আত্মা পাঠিয়ে দিলেন।
ঈশ্বর এটা করলেন যাতে গিদিয়োনের সত্তরজন ছেলের বিরুদ্ধে যে অন্যায় করা হয়েছে তার প্রতিশোধ নেওয়া হয়।
ঈশ্বর এটা করলেন যাতে গিদিয়োনের সত্তরজন ছেলের বিরুদ্ধে যে অন্যায় করা হয়েছে তার প্রতিশোধ নেওয়া হয়।
সেই সাথে তারা আরেকজন নেতার উপর তাদের আস্থা রাখতে শুরু করল...
আমি গাল ও তার ভাইদের পক্ষে যেন তারা আমাদের পরিচালনা দেন।
আমিও তাদের পক্ষে, আমাদের উচিত যেন আমরা আমাদের নিজেদের নেতাকে বেছে নিই।




বিচারকর্তৃগণ ৯:২৭-৩৩


দেখুন, পাহাড়ের উপর থেকে লোকেরা নেমে আসছে!
তুমি পাহাড়ের ছায়াগুলোকে মানুষ বলে ভুল করছো।
দেখুন, লোকগুলো আসছে সবচেয়ে উচু পাহাড় থেকে, আর গণকদের গাছের দিক থেকে আরও একদল লোক আসছে।
এখন কোথায় তোমার সেই বড় বড় কথা? তুমি বলেছিলে, অবীমেলক কে যে আমরা তার অধীনে থাকবো?
এরা কি সেই লোক নয় যাদের তুমি তুচ্ছ করেছিলে?
এখন বের হয়ে তাদের সঙ্গে যুদ্ধ কর!




বিচারকর্তৃগণ ৯:৩৯-৪৫




বিচারকর্তৃগণ ৯:৪৬-৪৯


তেবেস শহরের লোকেরা একটা শক্ত দূর্গের মধ্যে নিজেদেরকে বন্দী করে রাখলো।
আমরা শিখিমকে যেমন পুড়িয়ে দিয়েছি ঠিক একই ভাবে এটাকেও পুড়িয়ে দিব।
আমার রাস্তা থেকে সরে দাড়াও।
অবীমেলকের জন্য একটি উপহার।
আহহহহহহহহ....



আমি পারব না...
তোমার তলোয়ার বের করে আমাকে মেরে ফেল যাতে ওরা বলতে না পারে যে একজন স্ত্রীলোকের হাতে সে মারা পড়েছে।
আর এভাবে যিথোমের ভবিষ্যৎবানীর বাকী অংশটাও পূর্ণ হল আর গিদিয়োনের সত্তর ছেলেকে মেরে ফেলবার জন্য অবীমেলককে তার পাওনা শাস্তি পেতে হয়েছিল।
অবীমেলকের মৃত্যুর পর, একজন ইফ্রয়িমীয় যার নাম তোলয় তিনি ইস্রায়েলীয়দের শাসনকর্তা হলেন এবং ২৩ বছর তাদের শাসন করলেন।
অবীমেলকের মৃত্যুর পর, একজন ইফ্রয়িমীয় যার নাম তোলয় তিনি ইস্রায়েলীয়দের শাসনকর্তা হলেন এবং ২৩ বছর তাদের শাসন করলেন।
তিনি ২২ বছর ইস্রায়েলীয়দের শাসনকর্তা ছিলেন।


আরেকবার ইস্রায়েলীয়দেরকে ঈশ্বর মোশীর মধ্যে দিয়ে যে জাতি হিসাবে দেখতে চেয়েছিলেন তার থেকে তারা ঘুরে দাড়ালো।
তারা বাল দেবতাদের এবং অষ্টারোৎ দেবীদের ও অরামীয়, সীদোনীয়, মোয়াবীয়, অম্মোনীয় ও পলেষ্টীয়দের দেব-দেবতাদের পূজা করতে লাগল।
ঈশ্বর ইস্রায়েলীয়দের বিরুদ্ধে অম্মোনীয় ও পলেষ্টিয়দের উঠালেন আর তারা ইস্রায়েলীয়দের ১৮ বছর ধরে নির্যাতন করল।
আমরা কেন ঈশ্বরকে ত্যাগ করলাম?
আমরা ঈশ্বরকে ত্যাগ করে এই মিথ্যা দেব-দেবতাদের পূজা করায় তিনি আমাদের উপর রেগে আছেন।
এই কারণেই তিনি আমাদেরকে শাস্তি দিচ্ছেন।
আমরা সত্যিই ঈশ্বরে বিরুদ্ধে মহাপাপ করেছি।
ঈশ্বর নবীদেরকে পাঠালেন যারা এই সংবাদ দিলেন ঃ
যখন মিশরীয়, ইমোরীয়, মিদিয়নীয় এবং অন্যান্য তোমাদের উপর নির্যাতন করেছিল-তখন তোমরা আমার কাছে কান্না করলে আমি কি তোমাদের রক্ষা করি নি?



যাও, যে দেব-দেবতাদের তোমরা বেছে নিয়েছো তাদের কাছে গিয়ে কাঁদ।
যাও, যে দেব-দেবতাদের তোমরা বেছে নিয়েছো তাদের কাছে গিয়ে কাঁদ।
আমরা পাপ করেছি।
সদাপ্রভুকে বলুন যেন তিনি আমাদের প্রতি যা ইচ্ছা তাই করেন কিন্তু দয়া করে এবারের মত আমাদের রক্ষা করুন!
তোমরা নিশ্চয়ই জান যে তোমাদের কি করা উচিত।
ঈশ্বর যখন দেখলেন যে তারা বাল-দেবতাদের কাছ থেকে তাদের হৃদয় ফিরিয়ে তাঁর সেবা করছে তখন তিনি তাদের প্রার্থনার উত্তর দিলেন।
অম্মোনীয় সৈন্যরা ইস্রায়েলীয়দের বিরুদ্ধে আক্রমন করল এবং গিলিয়দে তাদের ছাউনি ফেলল।
গিলিয়দের নেতারা সিদ্ধান্ত নিল যে, যে লোক অম্মোনীয়দের প্রথমে আক্রমন করবে সে-ই গিয়িদের বাসিন্দাদের কর্তা হবে।


সেই সময় গিলিয়দীয় যিপ্তহ খুব শক্তিশালী যোদ্ধা ছিলেন।
ছোট বেলায় যিপ্তহ গিলিয়দ শহর থেকে পালিয়ে গিয়েছিল।
যদিও গিলিয়দ তার বাবা ছিলেন কিন্তু তার মা ছিলেন একজন বেশ্যা-আর তাই সৎ ভাইয়েরা তাকে গিলিয়দ থেকে তাড়িয়ে দিল।
বের হয়ে যাও, তুমি একজন বেশ্যার সন্তান।
আমাদের পরিবারে তোমার কোন অংশ নেই।
যে বিষয়ে তিনি দক্ষ তিনি তাই করতে লাগলেন, যুদ্ধ শিখলেন এবং যিপ্তহ তার আশেপাশের লোকদের নিয়ে একটি ছোট সৈন্যদল তৈরী করলেন।
গিলিয়দের বৃদ্ধ নেতারা যিপ্তহের কাছে আসলেন।
আস আর আমাদের সৈন্যদেরকে অম্মোনীয়দের বিরুদ্ধে যুদ্ধে পরিচালনা দাও। তারা আমাদের শহরের বাইরে তাদের ছাউনি ফেলেছে।
তোমরা কি ঘৃণা করে আমাকে আমার বাবার বাড়ী থেকে তাড়িয়ে দাও নি?
আর এখন বিপদে পড়ে কেন আমার কাছে এসেছো?
আস আর অম্মোনীয়দের বিরুদ্ধে যুদ্ধ কর এবং তাতে তুমি গিলিয়দে বাসকারী আমাদের সকলের কর্তা হবে।
যদি আমি অম্মোনীয়দের বিরুদ্ধে যুদ্ধ করি আর সদাপ্রভু আমার হাতে তাদের তুলে দিলেন-তাহলে তখন সত্যিই কি আমি তোমাদের কর্তা হব?
সদাপ্রভুই আমাদের সাক্ষী রইলেন যে তুমিই আমাদের কর্তা হবে।





বিচারকর্তৃগণ ১১:১২-২৮


ঈশ্বরের শক্তিতে শক্তিমান হয়ে যিপ্তহ অম্মোনীয় সৈন্যদের বিরুদ্ধে যুদ্ধ করতে বেরিয়ে পড়ল।
সেই সময়ে একটি প্রথা ছিল যে ঈশ্বর যদি তাদের বিজয় এনে দেন তাহলে তার উদ্দেশ্য উৎসর্গ করার জন্য তারা এমন একটি বিষয়ের জন্য প্রতিজ্ঞা করেন যা তাদের কাছে অনেক মূল্যবান।
কিন্তু যিপ্তহ একটি বোকার মত প্রতিজ্ঞা করেছিল।
তুমি যদি আমার হাতে অম্মোনীয়দের তুলে দাও তবে অম্মোনীয়দের সঙ্গে যুদ্ধে জয়লাভ করে ফিরে আসবার সময় যে আমাকে এগিয়ে নেবার জন্য বাড়ী থেকে দরজার বাইরে আসবে তাকে দিয়েই আমি তোমার উদ্দেশ্যে পোড়ানো উৎসর্গের অনুষ্ঠান করব।
যুদ্ধের ময়দান যিপ্তহ ও ইস্রায়েলীয়দের পক্ষেই ছিল।
বিশটা শহর ও গ্রাম ইস্রায়েলীয়দের অধীনে চলে আসল।
যিপ্তহ ও তার সৈন্যরা বাড়ীতে ফিরে আসল- বিজয়ী বীর।




বিচারকর্তৃগণ ১১:৩৪-৩৯



তারা আমাদের নিজেদের লোক।
ইফ্রয়িমের লোকেরা।
আমাদেরকে না ডেকেই কেন তুমি অম্মোনীয়দের বিরুদ্ধে যুদ্ধ করতে গেলে?
আমরা তোমাকে সুদ্ধ তোমার ঘর-বাড়ী পুড়িয়ে দিব।
আমি তোমাদের ডেকেছিলাম কিন্তু যখন তোমরা আমাদের সাহায্য করলে না, তখন আমি আমার প্রাণ হাতে রেখে অম্মোনীয়দের সাথে যুদ্ধ করতে গেলাম।
তোমরা গিলিয়দীয়রা তো দল ত্যাগ করা লোক।
তোমরা গিলিয়দীয়রা তো দল ত্যাগ করা লোক।
যুদ্ধের পর কোন কোন ইফ্রয়ীময়রা নদী পার হয়ে নিজের বাড়িতে ফিরে আসার চেষ্টা করল।
যিপ্তহের লোকেরা তাদেরকে চিহ্নিত করার জন্য একটি দারুন পরিকল্পনা করল।
বিচারকর্তৃগণ ১২:১-৫



বল শিব্বোলেৎ।
ছিব্বোলেৎ।
তার কথাই তার বিরুদ্ধে গেল- কোন ইফ্রিয়মীই সঠিকভাবে এই শব্দটি উচ্চারণ করতে পারে না।
একে নিয়ে যাও আর মেরে ফেল।
৪২০০০ হাজারের বেশি ইফ্রিয়মীয়রা মারা পড়ল।
এরপর অনেকদিন দেশটি যুদ্ধ থেকে বিরত থাকল।
অম্মোনীয়দের যুদ্ধে হারানোর পর ছয় বছর যিপ্তহ ইস্রায়েলীয়দের শাসনকর্তা ছিলেন এবং তারপর তিনি মারা যান।
তারা গিলিয়দের একটা গ্রামে তাকে কবর দিল।
যিপ্তহের পরে ২৫ বছর ধরে ইবসন, এলোন, ও অবদোন ইস্রায়েলীয়দের উপরে শাসনকর্তা ছিলেন।
এরপর ইস্রায়েলীয়দের মধ্যে একজন নামকরা শাসনকর্তার আগমন ঘটল...

"THE BIBLE EXPLAINED IN EVERY LANGUAGE."





SUPERBIBLE.TV